গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ২৯.০০.০০০০.২১৩.১১.০১২.১৭-৩৩৫ তারিখ : ১৪ জুন, ২০২১

বিষয় : নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের কার্যাদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১৪/০৬/২০২১ তারিখের ২৯.০০.০০০০.২১৩.১১.০১২.১৭-৩৩৪ সংখ্যক স্মারকমূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৭/০৬/২০২১ তারিখের মধ্যে আপনার পত্রিকার ভিতরের পাতায় (যে কোন ০১ দিন) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে কার্যাদেশ প্রদান করা হলো।

০২। উল্লেখ্য,দরপত্র বিজ্ঞপ্তির সাইজ হবে 14.00 Inch / 8.00 Col.

সংযুক্তঃ দরপত্র বিজ্ঞপ্তি ২(দুই) কপি।

(সজল কান্তি বনিক)
উপ সচিব
ফোনঃ ৯৫৪৫২৫৭

কার্যার্থে : -

১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল(বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯।
২। Advertisement Manager, The Daily Observer, Aziz Bhaban, 93 Motijheel C/A, Dhaka.
৩। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

নং- ২৯.০০.০০০০.২১৩.১১.০১২.১৭-৩৩৫ তারিখ : ১৪ জুন, ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। সচিব এর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অফিস কপি।

(সজল কান্তি বনিক)
উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mochta.gov.bd

নং ২৯.০০.০০০০.২১৩.১১.০১২.১৭-৩৩৪ তারিখ : ১৪ জুন, ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্বখাতভূক্ত নিয়োগযোগ্য শূন্যপদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর যথাক্রমে ১৩তম, ১৪তম, ১৭তম ও ২০তম গ্রেডভুক্ত নিম্নোক্ত পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রঃনং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০/- | ০৪ (চার) টি | অনূর্ধ্ব ৩০ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে এবং<br>(গ) লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | ঢাকা, ফরিদপুর, গাজীপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, মাদারিপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, ফেনী, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবন, রাজশাহী, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, নওগাঁ, জয়পুরহাট, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, রংপুর, ঠাকুরগাঁও খুলনা, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, মাগুরা, মেহেরপুর, সাতক্ষীরা, যশোর, বরিশাল, ভোলা, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ।<br><br>তবে সরকারি/বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০/- | ০৩(তিন) টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) কম্পিউটার Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ঘ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দ ;<br>(ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ | ঢাকা, ফরিদপুর, গাজীপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, মাদারিপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, ফেনী, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবন, রাজশাহী, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, নওগাঁ, জয়পুরহাট, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, রংপুর, |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | এবং ইংরেজিতে ৩০ শব্দ এবং<br>(চ)লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | ঠাকুরগাঁও খুলনা, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, মাগুরা, মেহেরপুর, সাতক্ষীরা, যশোর, বরিশাল, ভোলা, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ।<br>তবে সরকারি/বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৩ | ক্যাশিয়ার<br>(গ্রেড-১৪)<br>১০২০০-২৪৬৮০/- | ০১(এক)টি | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং<br>(গ) লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | ঢাকা, ফরিদপুর, গাজীপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, মাদারিপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, ফেনী, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবন, রাজশাহী, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, নওগাঁ, জয়পুরহাট, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, রংপুর, ঠাকুরগাঁও খুলনা, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, মাগুরা, মেহেরপুর, সাতক্ষীরা, যশোর, বরিশাল, ভোলা, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ।<br>তবে সরকারি/বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৪ | ক্যাশ সরকার<br>(গ্রেড-১৭)<br>৯০০০-২১৮০০/- | ০১(এক)টি | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং<br>(গ) লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | টাঙ্গাইল, রাজবাড়ি, ফরিদপুর, গাজীপুর, গোপালগঞ্জ, মাদারিপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চাঁদপুর, কক্সবাজার, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, খাগড়াছড়ি, বান্দরবন, রাজশাহী, সিরাজগঞ্জ, নাটোর, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, জয়পুরহাট, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, রংপুর, ঠাকুরগাঁও খুলনা, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, মেহেরপুর, সাতক্ষীরা, পটুয়াখালী, ভোলা, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ।<br>তবে সরকারি/বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | আবেদন করতে পারবেন। |
| ০৫ | অফিস সহায়ক (গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | ০৪(চার) টি | ১৮-৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | টাঙ্গাইল, রাজবাড়ি, ফরিদপুর, গাজীপুর, গোপালগঞ্জ, মাদারিপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, শরীয়তপুর, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চাঁদপুর, কক্সবাজার, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, খাগড়াছড়ি, বান্দরবন, রাজশাহী, সিরাজগঞ্জ, নাটোর, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, জয়পুরহাট, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, রংপুর, ঠাকুরগাঁও খুলনা, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, মেহেরপুর, সাতক্ষীরা, পটুয়াখালী, ভোলা, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠি, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ।<br>তবে সরকারি/বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণীয় :

০১। ৩০ জুন, ২০২১ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নম্বর কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভুত গেজেটেড কর্মকর্তা এবং নন- গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এবং এর ০৫ নভেম্বর, ২০২০ তারিখে জারিকৃত সংশোধনী অনুসরণে এই নিয়োগ বিজ্ঞপ্তির শুন্য পদসমূহ পূরণ করা হবে। এছাড়া নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি সাপেক্ষে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়।

০৪। শিক্ষাগত যোগ্যতাসহ অন্য যে কোন বিষয়ে প্রার্থী কোনো ভুল তথ্য প্রদান করলে বা কোনো তথ্য গোপন করলে উক্ত প্রার্থীর আবেদনপত্র বাতিল করা হবে।

০৫। নিয়োগবিধি অনুযায়ী সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে বর্ণিত ছকের ০১, ০২ ও ০৩ নম্বর ক্রমিকের শূন্য পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হবেন।

০৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

০৭। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৮। প্রার্থীর যোগ্যতা যাচাই :

(ক) (i) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(ii) মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত Application Form এর প্রিন্টকপির সাথে সকল সনদপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।

(iii) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি করপোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(iv) জাতীয় পরিচয়পত্র / জন্মসনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(v) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চরিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

(vi) বিভিন্ন কোটায় আবেদনকারী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

(vii) বিভাগীয়, সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(খ) উক্ত তথ্যসমূহের ভিত্তিতে প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

(গ) প্রার্থী কর্তৃক কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা, নাতি-নাতনী হলে তার স্বপক্ষে আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র (সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) উপস্থাপন করতে হবে।

(ঙ) এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন কোনো বিষয়ে সরকারি প্রচলিত আইন, সার্কুলার, বিধি-বিধান অনুসরণ করা হবে।

৯। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয় :

(ক) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রার্থীগণ http:/ mochta.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২১ জুন, ২০২১ তারিখ, সকাল- ৯:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১২ জুলাই ২০২১ তারিখ রাত : ১২:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রদানের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভূলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে ১-৩ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১১২/-(একশত বার) টাকা এবং ৪-৫নং ক্রমিকের পদের জন্য ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS : MOCHTA <space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOCHTA ABCDEF send to 16222 নম্বরে।

Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is xxxxxxxx. To pay fee Type MOCHTA<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: MOCHTA <space>YES <space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOCHTA YES xxxxxxxx

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOCHTA Application for(Name of the post) User ID is (xxxxxxx) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mochta.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS - এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে MOCHTA<space>Help<space>User<space>User ID & Send to 16222 Example: MOCHTA Help User ABCDEF and send to 16222

(ii) PIN Number জানা থাকলে MOCHTA<space>help<space> PIN <space> PIN Number & Send to 16222
Example: MOCHTA Help PIN 12345678 and send to 16222

(ঝ) Online- এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) বিবিধ:

(i) পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

( ii ) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mochta.teletalk.com.bd হতে পাওয়া যাবে।

( iii ) Online-এ আবেদন দাখিলের বিষয়ে যে কোন তথ্যের জন্য dsadmin@mochta.gov.bd এবং vas.query@teletalk.com.bd ই-মেইলে অথবা আবেদন করতে সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর হতে ১২১ এ কল করে জানা যাবে।

১০। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৪.০৬.২০২২

(মো: জাহিদুল হক সরদার)
যুগ্ম সচিব(প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।